দৈনিক জনকণ্ঠ

JUN. 30 2002

তারিখ ................
পৃষ্ঠা ৩ কলাম ১

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরও এক ছাত্রী হল হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য আরও একটি হল নির্মাণ করা হচ্ছে। এক হাজার শয্যাবিশিষ্ট এই হলের নাম দেয়া হচ্ছে 'টুইন হল'। আগামী কয়েক মাসের মধ্যেই হলের নির্মাণ কাজ শুরু হবে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে। ইতোমধ্যে হল নির্মাণার্থে ২৬ কোটি ৭৭ লাখ ৯৪ হাজার টাকার প্রজেক্ট কনসেন্ট পেপার (পিসিপি) সরকারের কাছে পেশ করা হয়েছে।

জানা গেছে, আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকাকালীন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের জন্য অমর একুশে এবং ছাত্রীদের জন্য বেগম ফজিলাতুননেছা মুজিব হল নির্মাণ করা হয়। এই হল দু'টি উদ্বোধনের সময় সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের জন্য নতুন হল নির্মাণের ঘোষণা দিয়েছিলেন। জায়গা হিসাবে তিনি কার্জন হলের পূর্ব পাশে রেলওয়ের অব্যবহৃত জায়গার কথা উল্লেখ করেন। কিন্তু ১ অক্টোবরের নির্বাচনে আওয়ামী লীগের পরাজয়ের কারণে এতদিন হল নির্মাণ সম্ভব হয়নি। জোট সরকার ক্ষমতায় আসার নয় মাস পর আবার হল নির্মাণে উদ্যোগ নেয়া হচ্ছে। সরকারের কাছে বিশ্ববিদ্যালয় দেয়া : কোটি ৭৭ লাখ ৯৪ হাজার টাকার পিসিপি সক্রিয় বিবেচনা রয়েছে। কিছুদিনের মধ্যেই পিসিপি শিক্ষা মন্ত্রণালয় থেকে হয়ে যাবে বলে জানা গেছে। আওয়ামী লীগ সরকারের ঘো অনুযায়ী হল নির্মাণ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের এক কর্মকর্তা ব এখানে আওয়ামী লীগ-বিএনপি বলে কোন কথা নে বিশ্ববিদ্যালয়ের উন্নয়নই আমাদের মুখ্য উদ্দেশ্য।

জানা গেছে, এই হলে কেবল বিজ্ঞানের ছাত্রীরাই থাকতে পারবে। এই হল নির্মাণ হলে ছাত্রীদের জন্য ৫টি হল হবে। এ ছাড়া এমফিল ছাত্রীদের জন্য নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী নিবাস রয়েছে।